

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
চট্টগ্রাম  
(আইসিটি শাখা)  
[www.chittagong.gov.bd](http://www.chittagong.gov.bd)

স্মারক নম্বর : ০৫.৪২.১৫০০.৬০২.৭০.০০০.২০- ১২৩

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ  
০৯ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ


**বিষয়ঃ জেলাভিত্তিক শিল্প প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার যুবকদের মধ্যে ম্যাচমেকিং কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন-এ নিবন্ধন প্রসঙ্গে।**

সূত্রঃ এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর স্মারক নং-৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.২ তারিখ: ২৬/০৭/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১” ও “জাতীয় যুব নীতিমালা ২০১৭” এর আলোকে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের সহায়তায় চট্টগ্রাম জেলা প্রশাসন “বেকারমুক্ত জেলা” এর উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগের আওতায় চট্টগ্রাম জেলার আওতাধীন সরকারি-বেসরকারি দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান ও বেকার যুবকদের সমন্বয়ে সুবিধাজনক সময়ে অনলাইনে ম্যাচমেকিং কর্মশালা আয়োজন করা হবে। উক্ত কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়নে এ জেলার জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের গ্র্যাজুয়েটদের নিবন্ধন আবশ্যিক।

এমতাবস্থায়, বর্ণিত কর্মশালায় কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন ([www.skills.gov.bd](http://www.skills.gov.bd)) এ আগামী ২০ আগস্ট, ২০২০ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত তাঁর কলেজের গ্র্যাজুয়েটদের নিবন্ধন সম্পন্নকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ  
সরকারী সিটি কলেজ  
চট্টগ্রাম

  
এ. জেড. এম. শরীফ হোসেন  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
চট্টগ্রাম  
ফোন: ০৩১-৬২০৭৯৯  
মোবাইল নম্বর : ০১৭৩৩৩৩৪৩১২  
ই-মেইল: [adcictchittagong@gmail.com](mailto:adcictchittagong@gmail.com)

**অনুলিপি :** অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চট্টগ্রাম
- ০২। স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)